CENTRAL LIBRARY N.C.COLLEGE

2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGHCC–201T/167

**TDC (CBCS) Even Semester Exam., 2023**

# BENGALI

( Honours )

**( 2nd Semester )**

Course No. : BNGHCC–201T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]**

*পূর্ণমান* : ৭০
উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত দুজন পণ্ডিত মুন্সীদের নাম উল্লেখ করো।

২। শ্রীরামপুর মিশনের প্রাণপুরুষ কে ছিলেন? তিনি কত সালে মারা যান?

৩। প্রাচীন সংস্কৃত গ্রন্থ থেকে বাংলায় অনুবাদ করা রাজা রামমোহন রায়ের দুটি গদ্যগ্রন্থের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। কবি ঈশ্বরগুপ্তের জন্ম সাল উল্লেখ করে কবির একটি উৎসব-বিষয়ক কবিতার নাম করো।

৫। রবীন্দ্রনাথ বিহারীলালকে কী নামে ভূষিত করেছিলেন? তাঁর লেখা একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৬। জীবনানন্দ দাশের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৭। মধুসূদন দত্তের দুটি প্রহসনের নাম লেখো।

৮। দীনবন্ধু মিত্রের দুটি নাটকের নাম লেখো।

৯। গিরিশ ঘোষের দুটি সামাজিক নাটকের নাম লেখো।

১০। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সর্বমোট কয়টি উপন্যাস লিখেছিলেন? তাঁর লেখা প্রথম ইংরেজি উপন্যাসটির নাম কী?

১১। রবীন্দ্রনাথের 'গোরা' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে রচিত হয়? তাঁর লেখা একটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

১২। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মসাল কত? তাঁর রচিত প্রথম উপন্যাস কোনটি?

১৩। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় কোন্ শতকের লেখক? তাঁর লেখা যে কোনো একটি গল্পগ্রন্থের নাম লেখো।





১৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের দুটি গল্পগ্রন্থের নাম লেখো।

১৫। পরশুরাম কোন্ লেখকের ছদ্মনাম? তিনি কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। বাংলা গদ্য সাহিত্যের ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

১৭। বাংলা গদ্যের প্রাথমিক যুগে রাজা রামমোহন রায়ের ভূমিকা আলোচনা করো।

১৮। কবি বিহারীলাল চক্রবর্তীর কাব্যপ্রতিভার পরিচয় দাও।

১৯। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ঐশ্বর্য পর্বের কাব্য সম্বন্ধে আলোচনা করো।

২০। বাংলা নাট্য সাহিত্যের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো।

২১। বাংলা ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের পরিচয় দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। বঙ্কিমচন্দ্রের সামাজিক উপন্যাস আলোচনা করে ঔপন্যাসিকের কৃতিত্বের পরিচয় দাও।

২৩। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও।

২৪। "রবীন্দ্রনাথের ছোটগল্পে মানুষ, প্রকৃতি এবং রহস্যলোকের অতিপ্রাকৃত ভাবের বিশেষ প্রভাব প্রতিভাত হয়।" রবীন্দ্রনাথের কয়েকটি ছোটগল্প আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও।

২৫। "লঘু হাস্যরস—কৌতুককর সন্নিবেশের পাশাপাশি অসাধারণ অভিজ্ঞতার সঞ্চয় পরশুরামের গল্পগুলোকে অমর করে রেখেছে।" আলোচনা করো।

★★★